"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত অক্টোবর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাছিমা বেগম এনডিসি, সচিব |
| তারিখ ও সময়ঃ | : | ১১ অক্টোবর, ২০১৭, বেলা ০১:০০ ঘটিকা। |
| স্থানঃ | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতির সম্মতিক্রমে সেপ্টেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

## আলোচনা:

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের ৭টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিচে উল্লেখ করা হলঃ

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | • শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।<br>• 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা। | পথশিশু জরিপের রিপোর্ট এখনো প্রণীত হয়নি মর্মে সভার আলোচনায় জানা যায়। সঠিক সংখ্যা নিশ্চিতকরণের জন্য এ রিপোর্ট প্রণয়ন জরুরিভাবে সম্পাদন করতে হবে। এছাড়া সভায় "পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়নের বিষয়টি এখনো প্রক্রিয়াধীন আছে। পথশিশুদের জরিপ সম্পাদন ও প্রকল্প প্রণয়নের কাজ ত্বরান্বিতকরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | "পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের ডিপিপি সংশোধনপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম। |
| ৩.২ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় | সভায় বলা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প রাজস্বখাতে স্থানান্তর হলে বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণের আলোকে স্বয়ংসম্পূর্ণ নির্ধারিত ছকে প্রস্তাব প্রণয়ন করা হচ্ছে। সভাপতি বিষয়টি দীর্ঘায়িত না করে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ৩ কর্মদিবসের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানান। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ আলোকে ৭ কর্মদিবসের মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে। | • অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• উপসচিব(উঃ-২), মশিবিম।<br>• সহঃ সচিব (উঃ-১), মশিবিম। |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | | | |
| ৩.৩ | বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | ডে-কেয়ার সেন্টার সম্প্রসারণ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর জানান যে, অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট থেকে সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরকে প্রাক্কলিত ব্যয় জানানোর জন্য চিঠি দেওয়া হয়েছে। এছাড়া সচিবালয়ে আরও একটি নতুন ডে-কেয়ার সেন্টার স্থাপনের বিষয়ে মন্ত্রণালয়ের মবিঅ শাখা থেকে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে যুগ্মসচিব(মবিঅ) জানান। | • সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রাক্কলিত ব্যয় সংগ্রহপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।<br>• সচিবালয়ের নতুন শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনের বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত থাকবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• সহঃ সচিব (মবিঅ-১), মশিবিম। |

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নে মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪.১ | <u>২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ</u><br><br>মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। | (১) সভায় বলা হয় যে, "বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭" রুপান্তর করে হালানাগাদ করা হয়েছে। আইন প্রণয়নের সকল ধাপ সম্পন্ন করে মন্ত্রিসভা-বৈঠকের জন্য সার-সংক্ষেপ অনুমোদন করা হয়েছে। তবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আইনটির সার্বিক বিষয় পরীক্ষার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব(আইন) কে সভাপতি করে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করা হয়েছে।<br><br>(২) যৌতুক নিরোধ আইন, ২০১৭ এর খসড়া ৩০/০১/২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। মন্ত্রিসভার পর্যবেক্ষণ এবং | (১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত বাস্তবায়িত।<br><br>(২) যৌতুক নিরোধ আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রেরণের সিদ্ধান্তটি বাস্তবায়িত। | • অতিঃ সচিব (শিশু), মশিবিম।<br>• উপ-সচিব(শিশু), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম।<br><br>• উপ-সচিব (সেল), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম। |

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক আইনের খসড়ার কয়েকটি ধারায় অস্পষ্টতা ও অসংগতি দূর করে গত ২৪/০৮/২০১৭ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| ৪.২ | **১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ** (ক) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়। | (ক) সভায় বলা হয় মন্ত্রণালয়ের চলতি অর্থ-বছরে ২টি ই-টেন্ডার করা হয়েছে এবং পর্যায়ক্রমে আরো করা হবে। অর্থাৎ মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্নকরণের সিদ্ধান্তটির বাস্তবায়ন শুরু হয়েছে। এছাড়া প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, কর্মসূচী পরিচালকগণের জন্য ৫/১১/২০১৭ তারিখ থেকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অর্থাৎ ই-টেন্ডারিং-এর ক্ষেত্রে সভায় গৃহীত ২টি সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যায়ে আছে এবং আশা করা যায় অক্টোবর মাসে তা বাস্তবায়িত হবে। | (ক) মন্ত্রণালয়ের ই-টেন্ডারিং কার্যক্রম চলমান রাখতে হবে।<br><br>(খ) প্রকল্প/কর্মসূচি সম্পৃক্ত কর্মকর্তাগণের ই-টেন্ডারিং বিষয়ে প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। | • অতিঃ-সচিব (প্রশাসন/ উ: ও পরিঃ), মশিবিম।<br>• উপ-প্রধান(পরি:) মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম<br><br>• উপ-সচিব (প্রশিক্ষণ), মশিবিম |

## ৫। **মন্ত্রণালয়ের বিবিধ বিষয়াবলিঃ**

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | সভায় বলা হয় যে, মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত ই-ফাইলিং-বিষয়ে মাষ্টার ট্রেইনার নিজ নিজ দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম তদারকি শুরু করেছেন। সভাপ্রধান এই কর্মকর্তাগণকে অধিক তৎপর হওয়ার পরামর্শ দিয়ে বলেন যে, ই-ফাইলিং এর ক্ষেত্রে মন্ত্রণালয়ের পারফরম্যান্স নিন্মমুখী। এক্ষেত্রে অতিরিক্ত সচিব(প্রশাসন) পরামর্শ দেন যে, দপ্তর/সংস্থা থেকে ১০০% চিঠি অন-লাইনে আসতে হবে। মন্ত্রণালয়ের শখাগুলি থেকে বিষয়টি নিস্পন্ন করে অন-লাইনে চিঠি জারি করার ক্ষেত্রে ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বলেন যে, একই সাথে ই-ফাইলিং ও সনাতন নথিতে বিষয় উপস্থাপিত হলে নথি | • আইসিটি এবং ট্রেনিং শাখার সকল নথি ই-ফাইলিং-এর মাধ্যমে সম্পন্ন হবে।<br>• দপ্তর/সংস্থা থেকে চিঠি অন-লাইনে আনতে হবে।<br>• মন্ত্রণালয়ের শাখা থেকে অন-লাইনে বিষয় নিস্পন্নকরণের পর অন-লাইনে তা জারি করতে হবে। | • অতি: সচিব (সকল), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ<br>• প্রোগ্রামার, মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নিস্পন্নকরণে বিলম্ব হয় ও অযথা জটিলতা সৃষ্টি হয়। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। এ পর্যায়ে সহকারী প্রোগ্রামার মন্ত্রণালয়ের ডিজিটাল ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় তুলে ধরেন:<br>ই-ফাইলিং-এর টার্গেট প্রশাসন-১, মবিঅ-২, বাজেট, জামস, উন্নয়ন-১, পরিকল্পনা-২ পূরণ করতে পারলেও বাকি শাখা প্রতিমাসে নির্ধারিত টার্গেট পূরণ করতে পারেনি। ইন্টারনেটের গতি বৃদ্ধির জন্য নতুন ৩টি এডিএসএল-এর লাইনসহ কিউবির আরও তিনটি নতুন লাইন নেওয়া হবে এবং ইন্টারনেট স্পিড ২এমবিপিএস থেকে ৩এমবিপিএস অথবা ৪এমবিপিএস-এ উন্নীত করে কিছু নতুন রাউটার সংযোজন করতে হবে। সেল শাখায় সেপ্টেম্বর ২০১৭ থেকে সকল নথি ই-ফাইলিং-এর মাধ্যমে নিস্পন্ন হওয়ায় সিনিয়র সহকারী সচিব(সেল)সহ সংশ্লিষ্ট অনুবিভাগের কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | • ইন্টারনেটে গতি বৃদ্ধির জন্য রাউটার, মডেম ক্রয়সহ ভৌত অবকাঠামো স্থাপন/সংযোগ নিশ্চিত করতে হবে। | |
| ৫.২ | মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন | মন্ত্রণালয়ের অনুবিভাগভিত্তিক কর্মপরিকল্পনা প্রণীত না হওয়ায় সভাপতি বিষয়টি ত্বরান্বিত করার নির্দেশনা দেন। অনুবিভাগভিত্তিক কর্মপরিকল্পনা অনুভিাগ প্রধানের কাছে অনুমোদিত হওয়ার পর সমন্বয় অনুবিভাগে জমা দেওয়ার জন্য সভায় মত প্রকাশ করা হয়। সকল কর্মপরিকল্পনা সমন্বিত করে নথিতে উপস্থাপন ও পরবর্তীতে বুকলেট আকারে প্রকাশের জন্য সভা ঐকমত্য প্রকাশ করে। | • অনুবিভাগভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সমন্বয় ও শিশু অনুবিভাগে ১৫ দিনের মধ্যে জমা দিতে হবে।<br>• মন্ত্রণালয়ের সমন্বিত কর্মপরিকল্পনা বুকলেট আকারে প্রকাশ করতে হবে। | • অনুবিভাগ প্রধানগণ।<br>• অতি: সচিব (প্রশা:), মশিবিম। |
| ৫.৩ | জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি | সভাপতি শারিরীক ও মানসিক বিকাশ সাধনে ত্রিশোর্ধ মহিলাদের খেলা-ধুলার সুযোগ সৃষ্টির জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। এছাড়া জাতীয় মহিলা সংস্থাকে প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার নির্দেশনা দেন। | • অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে বিষয়টি নিস্পন্ন করবেন।<br>• প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়টি যাচাই করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম।<br>• নির্বাহী পরিচারক, জামস।<br>• উপ-সচিব (সেল) মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.৪ | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদকরণের জন্য অতিঃসচিব (উন্ন: ও পরিঃ) কে আহবায়ক করে কমিটি গঠিত হয়েছে। কমিটিকে আগামী ২মাসের মধ্যে হালনাগাদকৃত কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সভাপতি পরামর্শ দেন। | আগামী ২মাসের মধ্যে জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদপূর্বক চূড়ান্ত করতে হবে। | • অতিঃসচিব (উন্ন: ও পরিঃ), মশিবিম।<br>• সিঃ সহঃ প্রধান (প্লাউ), মশিবিম। |
| ৫.৫ | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা | সভায় বলা হয় যে, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কর্মশালা আয়োজনের বিষয়টি বার বার আলোচনা হলেও কর্মশালাটির আয়োজন করতে কালক্ষেপণ হচ্ছে। সভাপতি দ্রুত এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | অক্টোবর মাসে কর্মশালা আয়োজন করতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প। |
| ৫.৬ | ইনোভেশন | সভায় জানানো হয় যে, গত সেপ্টেম্বর মাসের মন্ত্রিপরিষদ বিভাগে এই মন্ত্রণালয়সহ কয়েকটি মন্ত্রণালয়ের ইনোভেশনের চলমান কার্যক্রম অবহিত করা হয়। মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার অতিঃসচিব (উন্নঃ ও পরিঃ) এবং মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর মন্ত্রণালয় ও দপ্তরের ইনোভেশন কার্যক্রম তুলে ধরেন। সভায় ইনোভেশন ফান্ড না থাকার বিষয়ে সচিব জানতে চান এবং ইনোভেশনের কর্মকান্ডের জন্য দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়কে বাজেটে অর্থের সংস্থান রাখার নির্দেশনা দেন। সে অনুযায়ী দপ্তর/সংস্থাকে বাজেট দিতে হবে। | • ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটি আগামী ৭দিনের মধ্যে বাজেট বরাদ্দের জন্য প্রাক্কলন তৈরিপূর্বক উপস্থাপন করবে। | • অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ।<br>• সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম। |
| ৫.৭ | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র কার্যক্রম বিষয়ে এখনো সকলে যথাযথভাবে অবহিত হচ্ছে না। এক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকতে হবে এবং সম্পৃক্ত শাখাকে বিষয়টি যথাযথভাবে মনিটর করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)' চুক্তি বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে। | • অতিঃসচিব (প্রশাসন) মশিবিম।<br>• উপসচিব(মবিঅ-২), মশিবিম।<br>• সি: সহ: প্রধান(প্লাউ) মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম। |
| ৫.৮ | GRS | সভায় গাজীপর জেলা প্রশাসকের কাছে দীর্ঘকাল অনিস্পন্ন অভিযোগ সম্পর্কে জানানো হয় যে এই প্রতিবেদন ৩/১০/২০১৭ তারিখ মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য অভিযোগ তদন্তপূর্বক দ্রুত নিস্পন্নকরণের বিষয় আলোচনা করা হয়। | অভিযোগের তদন্ত প্রতিবেদন দ্রুত আনয়নপূর্বক নিস্পত্তি করতে হবে। প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীদেরকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে। | • যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• প্রোগ্রামার, মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.৯ | অডিট | মন্ত্রণালয়ের অডিট আপত্তি দ্রুত নিস্পন্নকরণের জন্য সচিব তাঁর পক্ষে অতিঃসচিব(প্রশাসন)কে ক্ষমতার্পন করে Delegation of Power সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করেন। | সচিবের পক্ষে অতিঃসচিব (প্রশাসন) কে ক্ষমতার্পণ করে Delegation of Power সংশোধন করতে হবে। | • উপসচিব(বাজেট ও অডিট), মশিবিম।<br>• সহঃ সচিব (অডিট), মশিবিম। |
| ৫.১০ | প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন | জেলার কার্যক্রম পরিদর্শনের উপর গুরুত্ব আরোপ করা হয়। তবে একইসাথে অন-লাইন মনিটরিং এর উপর গুরুত্ব প্রদান করা হয়। সপ্তাহে ৩দিন উপসচিব পর্যায় পর্যন্ত অন-লাইন মনিটরিং কার্যক্রম চলমান থাকবে। | • সহকারী প্রোগ্রামারকে জেলার কর্মকর্তাদের স্কাইপি, ইমু, ভাইবার ইত্যাদি অন-লাইন আইডি খুলতে হবে।<br>• ভিডিও কনফারেন্সিং এর জন্য মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাদের কম্পিউটারে ওয়েব ক্যামেরার ব্যবস্থা করতে হবে। | • অতিঃসচিব (প্রশাসন), মশিবিম।<br>• উপসচিব(উন্নঃ-২), মশিবিম।<br>• প্রোগ্রামার, মশিবিম। |
| ৫.১১ | শিশু বিকাশ কেন্দ্র আজিমপুর | সভাপতি সভায় শিশু বিকাশ কেন্দ্রের জন্য বাড়ী বাড়ার বিষয়টি নিস্পত্তি না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি বলেন, পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়েও উপযুক্ত বাড়ী ভাড়া পাওয়া যাচ্ছে না। এপর্যায়ে যুগ্মসচিব(মবিঅ) বলেন, বিদ্যমান আজিমপুর ডে-কেয়ার সেন্টার এর উর্দ্ধমুখী সম্প্রসারণ করে সেখানে শিশু বিকাশ কেন্দ্র স্থানান্তর করা যেতে পারে অথবা মিরপুরে বাংলাদেশ শিশু একাডেমির নিজস্ব জমিতে শিশু বিকাশ কেন্দ্রের জন্য স্থায়ী স্থাপনা তৈরি করা যেতে পারে। সভাপতি পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমিকে বিষয়টি নিস্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন। | দ্রুত শিশু বিকাশ কেন্দ্র স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | • অতিঃ সচিব(শিশু), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ। |
| ৫.১২ | জয়িতা ফাউন্ডেশন এর উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ প্রদান | সভায় জয়িতা ফাউন্ডেশন এর প্রতিনিধি জানান যে, উদ্যোক্তাদের প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য জিরানীতে অবস্থিত শহীদ শেখ ফজিলাতুন নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমির পরিত্যক্ত পোলট্রি শেড সংস্কারের কার্যক্রম চলছে। সংস্কার কাজ সমাপ্তির পর প্রশিক্ষণ শুরু করা হবে। | নারী উদ্যোক্তাদের দ্রুত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নিতে হবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন। |
| ৫.১৩ | শূণ্য পদ পূরণ ও পদ সৃজন | সভায় যুগ্মসচিব(প্রশাসন) বলেন, প্রোগ্রামার পদে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত প্রার্থী জনাব মোঃ ইনামুল হক গত ১৭/৯/১৭ তারিখে যোগদান করেছেন। | বাস্তবায়িত এবং পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহঃসচিব(প্রশাঃ-১), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৫.১৪ | মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি | • সভায় সহঃ সচিব(প্রশাসন-২) বলেন, অর্থ বিভাগের চাহিত তথ্যাদি প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।<br>• মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বলেন, মহিলা বিষয়ক অধিদপ্তরকে শক্তিশালী করার লক্ষ্যে প্রকল্প প্রণয়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি, মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা/কর্মশালা আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | • অর্থ বিভাগে যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরকে শক্তিশালী করার লক্ষে প্রকল্প প্রণয়ন করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম। |
| ৫.১৫ | মন্ত্রণালয়ের স্থান সংকট | সভায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | মন্ত্রণালয়ে স্থান সংকটের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। |
| ৫.১৬ | জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) | সভায় উপ-সচিব(প্রশিক্ষণ) জানান এনএসডিসি কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) আগামী মাসে অনুষ্ঠিতব্য সভায় অনুমোদন করা হবে মর্মে টেলিফোনে এনএসডিসি কার্যালয় সূত্রে জানা গেছে। | বাস্তবায়িত এবং পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | • উপ-সচিব(প্রশিক্ষণ), মশিবিম। |
| ৫.১৭ | গণ শুনানী | সভায় সভাপতি NIS এর কর্মপরিকল্পনা মতে গণ শুনানীর কার্যক্রম শুরু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। | বাস্তবায়িত এবং পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | • অতি: সচিব (প্রশাঃ), মশিবিম।<br>• উপসচিব(শিশু) মশিবিম।<br>• উপসচিব(উন্ন-২), মশিবিম। |
| ৫.১৮ | NSSS | দেশের সামাজিক সুরক্ষা কৌশলের বিষয়ে সচিব বলেন ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্যগণ এ বিষয়ে ওয়ার্কশপ করেছেন। এই কৌশল বাস্তবায়নে আমাদের মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা সম্পৃক্ত অংশে মাননীয় সংসদ সদস্যগণের অন্তভুক্তির বিষয়গুলি নির্ধারণ করা যায়। এছাড়া আমাদের সামাজিক নিরাপত্তা অংশের NSSS'র সাথে বর্তমান অংশের কোন গ্যাপ থাকলে তা চিহ্নিত করতে হবে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(প্রশাসন)-কে আহবায়ক করে কমিটি গঠনপূর্বক এ বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। কমিটিতে দুই অনুবিভাগ প্রধান, পরিচালক, মহিলা | NSSS সংক্রান্ত বিষয় বাস্তবায়নে অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহবায়ক করে কমিটি গঠন করতে হবে এবং কমিটি ৭দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | • অতি: সচিব (প্রশাঃ), মশিবিম।<br>• পরিচালক, মবিঅ।<br>• উপসচিব(বাজেট), মশিবিম।<br>• উপসচিব(শিশু), মশিবিম।<br>• উপসচিব(উন্নয়ন-২), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিষয়ক অধিদপ্তর, উপসচিব(বাজেট), উপসচিব(শিশু) ও উপসচিব(উন্নয়ন-২) থাকতে পারে। এক্ষেত্রে উন্নয়ন-২ শাখা থেকে NSSS'র সার্বিক কাজ সরাসরি অতিরিক্ত সচিব(প্রশাসন)-এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সচিব নির্দেশনা দেন। | | |
| ৫.১৯ | বিবিধ | • মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ মডিউলে NIS, RTI এবং GRS এর বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করার বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে। | • NIS, RTI এবং GRS এর বিষয় মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতিমাসে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ |
| | | • ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবেদন পাওয়া যায় নি। | • সেবা সহজীকরণের জন্য উপসচিব (সেল) বিদ্যমান ফর্মসমূহ সংক্ষিপ্ত ও সহজ করবেন। | • যুগ্ম-সচিব (প্রশাসন), মশিবিম<br>• উপসচিব (জামস), মশিবিম<br>• অতিঃপরিচালক, মবিঅ।<br>• পরিচালক, বাশিএ |
| | | • SDG'র ক্ষেত্রে মন্ত্রণালয়ে ৬টি বিষয়কে অগ্রাধিকার প্রদান করা হয়েছে এবং ৬জন উপসচিবকে এসব বিষয়ে ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। এসব ফোকাল পয়েন্টগণ SDG বিষয়ে তাদের নির্ধারিত দায়িত্ব সম্পর্কে সভায় অবহিত করতে পারেন বলে সকলে মত প্রকাশ করে। | • প্রতিমাসের সমন্বয় সভার SDG এর বাস্তবায়ন অগ্রগতি অবহিত করতে হবে। | • উপ-সচিব(সেল), মশিবিম।<br>• উপ-সচিব(বাজেট), মশিবিম<br>• উপ-সচিব(প্রশিক্ষণ), মশিবিম।<br>• উপ-সচিব(শিশু), মশিবিম<br>• উপ-সচিব(উন্ন-২), মশিবিম। |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-১৮/১৭/২০১৭ খ্রিঃ।
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-২৯০

তারিখঃ ১৯/১০/২০১৭ খ্রিঃ।

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

৩।	ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।

৪।	পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।

৫।	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৬।	প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

কোহিনূর
২৭/১১/২০১৭

(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১।	সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২।	উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩।	জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪।	হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৫।	প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

৬।	অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৭।	যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।